

# যায়যায়দিন

তারিখ: 21-MAR-2008

পৃষ্ঠা: 2

## প্রাইভেট টিচার্স ট্রেনিং কলেজের দুর্নীতি প্রত্যর্থে কামাট গঠন হবে : শিক্ষা উপদেষ্টা

শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, প্রাইভেট টিচার্স ট্রেনিং কলেজের অনিয়ম, নৈরাজ্য ও দুর্নীতি প্রতিরোধে শিগগিরই একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হবে। কমিটির সুপারিশ বাস্তবায়নের মাধ্যমে দেশে মানসম্পন্ন শিক্ষক গড়ে তোলা হবে। উপদেষ্টা গতকাল বৃহস্পতিবার ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের সম্মেলন কক্ষে

মন্ত্রণালয়ের টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট (টিকিউআই) ইন সেক্রেটারি এডুকেশন প্রজেক্ট আয়োজিত শিক্ষক প্রশিক্ষণের কার্যকারিতা শীর্ষক এক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর কে এম আওরঙ্গজেবের সভাপতিত্বে অন্যদের মধ্যে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ

আশরাফুল মকবুল, এডিটর সামাজিক খবরের প্রধান জামাল মাহমুদ, প্রকল্প পরিচালক মোঃ নজরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

উপদেষ্টা বলেন, সরকার এখন প্রবেশাধিকার বাড়ানোর পাশাপাশি শিক্ষার মান উন্নয়নে গুরুত্ব দিচ্ছে। তিনি আরো বলেন, শিক্ষা ক্ষেত্রে শৃঙ্খলা আনা ও শিক্ষার মান উন্নয়ন এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। বিজ্ঞপ্তি